তারিখ ... 11.10.83 ...
পৃষ্ঠা ... 1 কলাম 6 ...

দৈনিক বাংলা

004

# ৫০টি আসনে তিন হাজার প্রার্থী

(প্রকৌশল বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গত রোববার ছিল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ১৯৮৩-৮৪ সেসনে প্রথম বর্ষে ভর্তির জন্য দরখাস্ত গ্রহণের শেষ দিন। এ বছর বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদের জন্য মোট দরখাস্ত জমা পড়েছে আট হাজার সাতশ ছয়টি।

প্রকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল এবং তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এই ৪টি অনুষদের ৫১০টি আসনের জন্য দরখাস্ত জমা পড়েছে পাঁচ হাজার ৬৯২টি। গড়ে প্রতিটি আসনের জন্য দরখাস্ত জমা পড়েছে এগারটি। উপজাতীয় ছাত্রছাত্রীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা তিনটি।

স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের মোট ৫০টি আসনের জন্য দরখাস্ত জমা পড়েছে তিন হাজার চৌদ্দটি। এ অনুষদের প্রতিটি আসনের জন্য দরখাস্ত জমা পড়েছে ৬০টি করে।

উপজাতীয়দের জন্য এ অনুষদের সংরক্ষিত আসনসংখ্যা একটি।

পকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল এবং তড়িৎ ও ইলেকট্রনিক

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ৫০টি আসনে

(প্রথম পৃঃ পর)

কৌশল অনুষদে ভর্তির জন্য আবেদনকারীদের মেধানুসারে প্রথম তিন হাজার জনকে ভর্তি পরীক্ষায় অংশ নিতে দেয়া হবে এবং এ তালিকা আগামী ২২শে অক্টোবর প্রকাশ করা হবে। স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ভর্তির জন্য সম্পূর্ণ ও সঠিক আবেদনকারীদের সবাইকে ভর্তি পরীক্ষায় অংশ নিতে দেয়া হবে বলে সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে।

স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ ছাড়া অন্য চারটি অনুষদের ভর্তি পরীক্ষা আগামী ৫ই নবেম্বর এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ভর্তি পরীক্ষা আগামী ৬ই নবেম্বর অনুষ্ঠিত হবে।